



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়  
চৌগাছা, যশোর।  
ই-মেল নং- chowgacha@uhfpo.dghs.gov.bd

\*\*\* স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী।

- সভাপতিঃ নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।
- তারিখঃ- ২৪/০৩/২০২২
- স্থানঃ- সভাকক্ষ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চৌগাছা, যশোর।

আলোচ্য বিষয় সমূহঃ

- ১। হাসপাতালের অভ্যন্তরে ও ড্রেন ও পিট সংস্কার।
- ২। ইমারজেন্সী রুম ও ইমারজেন্সী ডিউটি রুম সংস্কার।
- ৩। বর্জ্য ব্যবস্থাপনা।
- ৪। পরিষ্কার পরিচ্ছন্নতা।
- ৫। আউট সোসিং স্টাফ।
- ৬। বিবিধ সমূহ।

উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ-

ক্রমিক নং	নাম	পদবী
১।	নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।	সভাপতি
২।	মোঃ আবুল কাশেম, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, চৌগাছা-যশোর।	সদস্য
৩।	ডাঃ তন্মী বিশ্বাস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর। (ভারপ্রাপ্ত)	সদস্য
৪।	মোছাঃ উম্মে সালমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য
৫।	ফেরদৌসী খাতুন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, চৌগাছা-যশোর।	সদস্য
৬।	ডাঃ মোছাঃ লুৎফুল্লাহ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য-সচিব


সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেনঃ-

বিষয়	আলোচ্য ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১) হাসপাতালের অভ্যন্তরে ও ড্রেন ও পিট সংস্কার	সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, হাসপাতালের বর্জ্য নিষ্কাশনের জন্য ব্যবহারিত ড্রেন ও পিট গুলো ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে এবং হাসপাতালের ড্রেন পরিষ্কার ও পরিচ্ছন্নতা রাখার জন্য আরো জনবলের প্রয়োজন। সভাপতি মহোদয় হাসপাতালের অভ্যন্তরে ড্রেন ও পিট সংস্কারের জন্য HED কে লিখিত ভাবে জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন তাছাড়া পৌরসভার মেয়র মহোদয়ের সাথে আলাপ করতে বলেন।	সদস্য সচিব, মেয়র ও HED

সদস্য  
সদস্য  
সদস্য  
সচিব

(২) ইমারজেন্সী রুম ও ইমারজেন্সী ডিউটি রুম সংস্কার	সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, হাসপাতালের জরুরী বিভাগের সেবার মান বৃদ্ধির জন্য পুরুষ ও মহিলা রোগীদের পৃথক জায়গায় সেবা দেওয়ার ব্যবস্থা করার জন্য হাসপাতালের ইমারজেন্সী রুম ও ইমারজেন্সী ডিউটি রুম সংস্কার করা খুবই প্রয়োজন তানা হলে সেবা দিতে বিঘ্ন ঘটছে। সভাপতিমহোদয় HED কে লিখিত ভাবে জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন এবং ব্যক্তি গত ভাবে সভাপতি মহোদয় জরুরী বিভাগ সংস্কারের জন্য সরকারের উচ্চ পর্যায়ে আলোচনা করবেন বলে সভাকে আশ্বাস প্রদান করেন।	সদস্য সচিব, ও HED
(৩) বর্জ্য ব্যবস্থাপনা।	সদস্য সচিব সভাপতির অনুমতি ক্রমে হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমানে হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য সকল ব্যবস্থাপনা বিদ্যমান না থাকার কারণে নিয়মিত বর্জ্য অপসারণ করা সম্ভব হচ্ছে না। সভাপতি মহোদয় এই প্রেক্ষিতে বলেন বর্জ্য অপসারণে জন্য খুবই অল্প সময়ের মধ্যে এর ব্যবস্থা নিতে হবে।	সভাপতি
(৪) পরিষ্কার পরিচ্ছন্নতা।	সদস্য সচিব হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমানে হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয়েছে। হাসপাতালের সকল স্তরের জঙ্গল পরিষ্কার করা হয়েছে। তবে ইওসি বিল্ডিং এর সামনে একটি গর্ত আছে যেটা ভরাট করা একান্তই প্রয়োজন। সভাপতি মহোদয় হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সবাইকে সহযোগীতা করার আহবান দেন এবং তিনি নিজেও এর পদক্ষেপ নেওয়ার আশ্বাস প্রদান করেন।	সভাপতি
(৫) আউট সোসিং স্টাফ	সদস্য সচিব সভাপতি মহোদয় কে দৃষ্টি আকর্ষণ করে বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দিতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। যার কারণে রোগীর চাপ অনেক বেশি যদি কোন ভাবেই কিছু আউট সোসিং স্টাফ নিয়োগ দেওয়া সম্ভব হতো তাহলে রোগীদে সেবার মান আরো ভাল হতো।। সভাপতি মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আশ্বাস প্রদান করেন	সভাপতি
(৬) বিবিধ সমুহ	সভাপতি মহোদয় স্থায়ী কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপস্থিত সকলের উদ্দেশ্য বলেন যে, চৌগাছা মডেল উপজেলা হাসপাতালের সুনাম ধরে রাখার জন্য হাসপাতালের কর্মরত কর্মকর্তা কর্মচারিকে আন্তরিক ভাবে ধৈর্য্য ধারণ মাধ্যমে সেবার কাজ চালিয়ে যেতে হবে যেমন পিতা, মাতা অসুস্থ হলে যে দৃষ্টিতে দেখা হয় ঠিক তেমনি রোগীকে দেখতে হবে এবং সবাই কে শৃংখলা মেনে চলতে হবে। হাসপাতালে কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটে তার জন্য চৌগাছা বাসিকে সার্বিক সহযোগীতা প্রদানের লক্ষ্যে কাজ করতে হবে।	সভাপতি

\*\*\*পরিশেষে বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবার মান উন্নয়নের জন্য আরো আন্তরিক ভাবে তৎপর থাকার আহবান জানিয়ে এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 “ সভাপতি ”